

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৩৪৮

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفصل الثاني

আরবী

وَعَنْ سُوَيْدِ بْنِ وَهْبٍ عَنْ رَجُلٍ مِنْ أَبْنَاءِ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ تَرَكَ لُبْسَ ثَوْبٍ جَمَالٍ وَهُوَ يَقْدَرُ عَلَيْهِ وَفِي رَأْيِهِ: تَوَاضَعًا كَسَاهُ اللَّهُ حُلَّةَ الْكِرَامَةِ وَمَنْ تَزَوَّجَ لِلَّهِ تَوَجَّهُ اللَّهُ تَاجَ الْمُلْكِ .
رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৪৩৪৮-[৪৫] সুওয়াইদ ইবনু ওয়াহ্ব (রহঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একজন সাহাবীর পুত্রের সূত্রে তার পিতা হতে বর্ণনা করেন। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সামর্থ্য থাকা সত্ত্বেও সৌন্দর্যের পোশাক পরিহার করে। আল্লাহ তা'আলা তাকে মর্যাদার পোশাক পরিধান করাবেন। আর যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে বিবাহ করবে, আল্লাহ তা'আলা তাকে রাজকীয় মুকুট পরিধান করাবেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবু দাউদ ৪৭৭৮, য'ঈফুল জামি' ৫৮২২, আল জামি'উস্ সগীর ১২৫৯৪, শু'আবুল ঈমান ৮৩০৪।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে “সুওয়াইদ ইবনু ওয়াহ্ব” এবং তিনি যার কাছে থেকে বর্ণনা করেছেন উভয়েই মাজহুল। দেখুন- য'ঈফুল জামি' ৫৮২২। 'আর জারহু ওয়াত্ তা'দীল। (জাওয়ামিউল কালিম সফ্টওয়্যার)

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এই অর্থে একটি হাদীস হাসান সনদে তিরমিযী, মুসনাদে আহমাদ, মুসতাদরাক হাকিম, সুনানে বায়হাকী

এবং ‘ত্ববারানী’র “কাবীরে” বর্ণিত হয়েছে। সে হাদীসটির মূলপাঠ হলো :

مَنْ تَرَكَ اللَّبَاسَ تَوَاضِعًا لِلَّهِ وَهُوَ يَقْدِرُ عَلَيْهِ دَعَاهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ عَلَى رُءُوسِ الْخَلَائِقِ حَتَّى يُخَيَّرَهُ مِنْ أَيِّ حُلِّ الْإِيمَانِ شَاءَ يَلْبَسُهَا

“কেউ যদি সুন্দর বা দামী পোশাক পরিধান করার সামর্থ্য থাকা সত্ত্বেও শুধু আল্লাহর প্রতি বিনয় প্রকাশ করণার্থে ঐ পোশাক পরিধান না করে তাহলে আল্লাহ তাকে কিয়ামতের দিন সকল সৃষ্টির সামনে ডেকে ঈমানদারদের যে পোশাক পরিধান করানো হবে সেই পোশাকের মধ্য থেকে যে কোন পোশাক পরিধান করার জন্য বেছে নেয়ার সুযোগ প্রদান করবেন।”

হাদীসের শেষ অংশের ব্যাখ্যা হচ্ছে : যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির জন্য বিবাহ করলো অথবা যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির জন্য নিজের কন্যাকে বিবাহ দিল কিংবা যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির জন্য কোন বস্তুর জোড়া দান করলো। আর মিরকাত গ্রন্থকারের মত অনুযায়ী যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির জন্য নিজের মর্যাদা থেকে নিচে নেমে এসে তার চেয়ে কম মর্যাদাসম্পন্ন কাউকে (যেমন- ইয়াতীম, মিসকীন) বিবাহ করলো অথবা নিজের দীনদারী সুরক্ষা ও বংশধারা সংরক্ষণ করার উদ্দেশ্যে বিবাহ করলো তাহলে আল্লাহ তার মর্যাদার নিদর্শন স্বরূপ জাহ্নামে তাকে তাজ পরাবেন এবং রাজত্ব দান করবেন। (মিরকাতুল মাফাতীহ)

মুনিযিরী (রহিমাল্লাহ) বলেনঃ এ বিষয়ে ‘আলিমগণ মতানৈক্য করেছেন। তাদের একদল বলেছেন যে, এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে তিনি হলুদ রং দ্বারা তার দাড়িতে খিযাব লাগাতেন। অন্যরা বলেছেন যে, তার পোশাককে হলুদ করতেন এবং হলুদ রংয়ের পোশাক পরতেন। শাওকানী তাঁর “নায়লুল আওত্বার” গ্রন্থে বলেছেন, আবু দাউদ ও নাসায়ী কর্তৃক বর্ণিত বর্ণনার শেষে উল্লেখিত বাড়তি অংশ পূর্বোক্ত দ্বিতীয় মতটিকে শক্তিশালী করে। বাড়তি অংশ বলতে তিনি মূলত বুঝিয়েছেন “তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কখনো তার পুরো পোশাককে এমনকি পাগড়ীকে পর্যন্ত হলুদ রং দ্বারা রঙিন করতেন”-এই অংশটুকু। এ অংশটুকু ইমাম বুখারী ও ইমাম মুসলিমের বর্ণনায় নেই। (আওনুল মা’বুদ ৭ম খন্ড, হাঃ ৪০৬০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সুওয়াইদ ইবনু ওয়াহ্ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75072>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন